

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/19/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

11 সেপ্টেম্বর-এর 'ভুক্তভোগী ক্ষতিপূরণ তহবিল'-এ সম্পূর্ণ অর্থায়নের আহ্বান জানিয়ে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর বিবৃতি

"11 সেপ্টেম্বর, 2001 এই স্টেট ও জাতির দীর্ঘ ইতিহাসের নিকষ কালো দিনগুলোর একটি। যেসব বীর সেদিন এবং পরবর্তী মাস ও বছরগুলোতে তাদের জীবনের ঝুঁকি নিয়ে অন্যদের সহায়তা করেছে আমরা তাদের কখনো ভুলবো না।

সেই নারকীয় আক্রমণের ফলশ্রুতিতে যেসব ভুক্তভোগী স্বাস্থ্য সমস্যায় ভুগছেন তারা তাদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় অর্থ ও সহায়তা পাবেন না এটি লজ্জার। এসব বীরদের আর্থিক সহায়তা প্রদানে আমাদের বৈষম্য করা উচিত নয়, যাদের সাহায্য দরকার তাদের প্রত্যেককেই আমাদের আর্থিক সহায়তার পরিমাণ বাড়ানো উচিত এবং এই সহায়তাকে একেবারে স্থায়ী ব্যবস্থা হিসেবে চালু করা উচিত।

9/11 আক্রমণে যারা এখনো কষ্ট পাচ্ছে তাদেরকে সহায়তা করা জাতি হিসেবে আমাদের কর্তব্য, এবং 'ভুক্তভোগী ক্ষতিপূরণ তহবিল'-এর সম্পূর্ণ অর্থায়ন এবং যেসব সাহসী নিউইয়র্কারগণ দেশের জন্য জীবন উৎসর্গ করেছেন তাদের সম্মানে স্বড়িং পদক্ষেপ নিতে আমি ফেডারেল সরকারকে নিউইয়র্ক কংগ্রেসনাল প্রতিনিধি দলের প্রচেষ্টার সাথে একাত্ম হওয়ার আহ্বান জানাচ্ছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)